

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা

www.bpatc.gov.bd

পিপিআর অনুবিভাগ

কেন্দ্রের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর বাস্তবায়ন অগ্রগতি
পর্যালোচনা সংক্রান্ত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি: ড. মোঃ মহসীন আলী

এমডিএস (পিঅ্যান্ডএস) ও এপিএ টিম লিডার

তারিখ: ২৫/০৩/২০২৪ খ্রি. (মঙ্গলবার)

সময়: সকাল ০৯:১৫ মিনিট

স্থান: রেস্টুর কনফারেন্স কক্ষ, আইটিসি

উপস্থিতি: সংযুক্তি 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। উপস্থিত সদস্যগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে সভায় নিম্নোক্ত বিষয়সমূহে ঐকমত্য ও সিদ্ধান্ত গৃহীত হয়:

<u>সিদ্ধান্ত-১:</u>	এপিএ (অর্থবছর ২০২৩-২৪) লক্ষ্যমাত্রাসমূহ যেনো সঠিকভাবে এবং যথাসময়ে অর্জিত হয় তা নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট সকলকে স্ব স্ব অনুবিভাগ, অধিশাখা ও শাখার কর্মীদের সঙ্গে প্রতি মাসে অগ্রগতি মূল্যায়ন বিষয়ে সভা পরিচালনার অনুরোধ করা হয়। বাস্তবায়ন: অনুবিভাগ প্রধান, এপিএ টিম।
<u>সিদ্ধান্ত-২:</u>	কেন্দ্রের এপিএ সংশ্লিষ্ট সকলকে তাঁর জন্যে প্রযোজ্য লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে বিশেষভাবে সচেতন থাকতে হবে। এপিএভুক্ত লক্ষ্যমাত্রাসমূহ বাস্তবায়নে শুধু কার্যসম্পাদন নয় বরং গুণগতমান বজায় রাখার বিষয়ে বিশেষ গুরুত্ব দিতে হবে যেনো এপিএ মূল্যায়ন সভায় লক্ষ্যমাত্রার সর্বোচ্চ স্কোর অর্জন সহজতর হয়। এপিএ লক্ষ্যমাত্রা সংশ্লিষ্ট প্রমাণকসমূহ যথার্থ উপায়ে সংরক্ষণ এবং সংশ্লিষ্ট অনুবিভাগে চাহিদা অনুযায়ী প্রেরণের জন্য প্রস্তুত রাখতে হবে। বাস্তবায়ন: অনুবিভাগ প্রধান, এপিএ টিম।
<u>সিদ্ধান্ত-৩:</u>	এপিএ কার্যক্রমের সুষ্ঠু তত্ত্বাবধান ও গুণগত মান নিশ্চিতকল্পে এপিএ এজেন্ডা কেন্দ্রের নিয়মিত প্রশাসনিক সভায় অন্তর্ভুক্তকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়ন: এপিএ ফোকাল পয়েন্ট, পরিচালক (প্রশাসন)।
<u>সিদ্ধান্ত-৪:</u>	APAMS সফটওয়্যারে বিপিএটিসি'র আঞ্চলিক কার্যালয়সমূহের এপিএ অন্তর্ভুক্তকরণের জন্য মন্ত্রণালয়ে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করতে হবে। বাস্তবায়ন: এপিএ ফোকাল পয়েন্ট।
<u>সিদ্ধান্ত-৫:</u>	এপিএ টিমের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকরণের উদ্দেশ্যে টিমের সদস্য সংখ্যা বৃদ্ধি করার প্রস্তাব রেস্টুর মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে। নতুন সদস্য হিসেবে উপপরিচালক (অর্থ), সহকারী পরিচালক (রেকর্ড), সহকারী প্রোগ্রামার-৪ এবং প্রত্যেক আরপিএটিসি থেকে একজন প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় সুপারিশ প্রদান করা হয়। এছাড়াও, এপিএ সংশ্লিষ্ট সাচিবিক সহযোগিতা নিশ্চিতকল্পে

	একজন উচ্চমান সহকারীকে নির্দিষ্ট করে দায়িত্ব অর্পণ করার জন্য প্রশাসন শাখাকে অনুরোধ জানানো যেতে পারে। বাস্তবায়ন: এপিএ ফোকাল পয়েন্ট।
<u>সিদ্ধান্ত-৬:</u>	কেন্দ্রের এপিএ টিমে নতুনভাবে অন্তর্ভুক্তকরণসাপেক্ষে সহকারী প্রোগ্রামার-৪ APAMS সফটওয়্যার সংশ্লিষ্ট কার্যক্রমে সহযোগিতার জন্য বিশেষভাবে গুরুত্ব আরোপ করবেন। বাস্তবায়ন: সহকারী প্রোগ্রামার-৪, এপিএ টিম।
<u>সিদ্ধান্ত-৭:</u>	সভায় উপস্থাপিত ২০২৪-২৫ অর্থবছরের খসড়া এপিএ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার সাথে সমন্বয় করে রেক্টর মহোদয়ের অনুমোদন গ্রহণের লক্ষ্যে নথিতে উপস্থাপন করতে হবে এবং পরবর্তীতে তা এপিএ ক্যালেন্ডার অনুসরণপূর্বক মন্ত্রণালয়ে পরামর্শের জন্যে প্রেরণ করতে হবে। বাস্তবায়ন: এপিএ টিম।

খ. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(Handwritten Signature)
২৫/৩/২৪

(ড. মোঃ মহসীন আলী)
এমডিএস (পিঅ্যান্ডএস)
ও
এপিএ টিম লিডার

কার্যবিবরণী নং-০৫.০১.২৬৭২.১৩৩.০৫.১০৭.২২-৮২৩

তারিখ: ২৫ মার্চ ২০২৪

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও প্রযোজ্য ক্ষেত্রে কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। অনুষদ সদস্য (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা;
- ২। সদস্য (সকল), এপিএ টিম, বিপিএটিসি, সাভার, ঢাকা;
- ৩। জনাব.....;
- ৪। রেক্টরের একান্ত সচিব, বিপিএটিসি, সাভার, ঢাকা (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৫। সহকারী প্রোগ্রামার-৪, বিপিএটিসি, সাভার, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৬। সংশ্লিষ্ট নথি।

(Handwritten Signature)
২৫/৩/২৪

(হাসান মুর্তাজা মাসুম)
পরিচালক (পিপিআর)
ও
এপিএ ফোকাল পয়েন্ট